

টেকনাফ কলেজে অনার্স কোর্স চাই

দেশের সর্বদক্ষিণের উপজেলা, পর্যটন ও বাণিজ্য সমৃদ্ধ সীমান্ত শহর টেকনাফ সরকারি কলেজে অনার্স কোর্স চালু নেই। টেকনাফ ছাড়া কক্ষবাজার জেলার প্রতিটি উপজেলায় বর্তমানে অনার্স পড়ার সুযোগ রয়েছে। টেকনাফ সরকারি কলেজে অনার্স কোর্স চালু করা যায়। কলেজটি দীর্ঘ দিন ধরে উপজেলার শিক্ষায় অন্য ভূমিকা পালন করছে। এটি টেকনাফের সর্ববৃহৎ বিদ্যালয়। হিসেবে বিবেচিত। প্রতিষ্ঠার ২২ বছর পরও টেকনাফ সরকারি কলেজে শিক্ষার্থীদের চাহিদামূলক অনার্স কোর্স চালু হয়নি। যে কারণে টেকনাফ উপজেলার শিক্ষার্থীয়া উচ্চতর শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত। অনার্স কোর্স না থাকায় এখানকার শিক্ষার্থীদের টেকনাফ ছেড়ে উত্থিয়া গিয়ে উচ্চতর পড়াশোনা করতে হয়। অনেকে আর্থিক সমস্যার কারণে অনার্স কোর্স পড়তে পারছে না। এ কারণে প্রতি বছর এখানকার অনেক শিক্ষার্থী শিক্ষা থেকে বারে পড়ে। ভৌগোলিক ও প্রাকৃতিক অবস্থানের কারণে টেকনাফ সরকারি কলেজে অনার্স কোর্স চালু করে পুরো টেকনাফ উপজেলার শিক্ষার্থীদের উচ্চতর শিক্ষালাভের সুযোগ দান করা এখন সময়ের দাবি। এ ব্যাপারে শিক্ষামন্ত্রী ও যথাযথ কর্তৃপক্ষের সুদৃষ্টি কামনা করছি।

মাইক্রো নেওয়াজ
সাবরাং, টেকনাফ, কক্ষবাজার